চুয়াডাঙ্গায় দুইদিন ব্যাপি বিজ্ঞান মেলা উদ্বোধন

চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের আয়োজনে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের পৃষ্ঠপোষকতায় জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর এর তত্ত্বাবধানে “বিজ্ঞান ও প্রযুক্তি, উদ্ভাবনেই সমৃদ্ধি” প্রতিপাদ্য ডিসি সাহিত্য মঞ্চে দুইদিন ব্যাপি চুয়াডাঙ্গা জেলার বিভিন্ন স্কুল, কলেজের ক্ষুদে বিজ্ঞানীদের অংশগ্রহণে ২৫টি স্টলে বিজ্ঞানের বিভিন্ন প্রযুক্তি প্রদর্শনীর মধ্যদিয়ে আজ সকাল সাড়ে নয়টার সময় ৪৫তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ এবং বিজ্ঞান মেলা শুভ উদ্বোধন হয়েছে।

চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক(শিক্ষা ও আইসিটি) কবীর হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা।

৪৫তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ এবং বিজ্ঞান মেলা শুভ উদ্বোধনী অনুষ্ঠানে বক্তারা বলেন বিজ্ঞান মেলার উদ্দেশ্য কোমলমতি শিক্ষার্থীদের বিজ্ঞান মনস্ক গড়ে তোলা এবং মানুষের মাঝে বিজ্ঞানের কল্যাণ-অকল্যান সম্পর্কে ধারণা দেওয়া। পরিশেষে, স্মার্ট বাংলাদেশ বিনির্মানে শিক্ষার্থী খুদে বিজ্ঞানীরাই ভবিষ্যতের কাণ্ডারী হিসেবে এ দায়িত্ব পালন করবে বলে প্রত্যাশা ব্যক্ত করেন তারা।

এ সময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান পিপিএম সেবা। এ সময় আরও উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা সরকারি কলেজের সাবেক অধ্যক্ষ প্রফেসর সিদ্দিকুর রহমান, চুয়াডাঙ্গা জেলা শিক্ষা অফিসার আতাউর রহমান সহ চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের কর্মকর্তা উপজেলা প্রশাসনের কর্মকর্তা সহ বিভিন্ন স্কুল-কলেজের শিক্ষক ও শিক্ষার্থীরা।

ঝিনাইদহে দুইদিন ব্যাপি সোতোকান কারাতে প্রশিক্ষণের সমাপনী

ঝিনাইদহে দুইদিন ব্যাপি সোতোকান কারাতে দো’’র প্রশিক্ষণ কর্মশালা ও ২৩তম বেল্ট টেস্ট অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করা হয়েছে।

রবিবার (২৫ সেপ্টেম্বর) সকাল সাড়ে ১০টায় এ কর্মশালা শুরু হয়ে সোমাবার বিকাল ৪টায় বেল্ট প্রদানের মাধ্যমে প্রশিক্ষণের সমাপ্তি ঘোষণা করা হয়।

সমাপনি অনুষ্ঠানে সোতোকান কারাতেদো ঝিনাইদহের পরিচালক কাজী আলী আহম্মদ লিকুর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা এস এম শাহীন। বিশেষ অতিথি হিসেবে ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি এম রায়হান, জেলা ক্রীড়া কর্মকর্তা মাহবুবুর রহমান, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা তাসলিমা বেগম, ঝিনাইদহ প্রেসক্লাবের আইসিটি বিষয়ক সম্পাদক শাহানুর আলম, সোতোকান কারাতে দো ঝিনাইদহ’র সহকারি পরিচালক মাহবুবুর রহমান বিপ্লব উপস্থিত ছিলেন। দুইদিন ব্যাপি এই প্রমিক্ষণ এবং বেল্ট টেস্ট কর্মশালার বিচারক হিসেবে ছিলেন জাতীয় কারাতের প্রশিক্ষক মুহাম্মাদ জসিম উদ্দিন ব্লাক বেল্ট ৫ম ডান।

রবিবার ও সোমবার দুইদিন ব্যাপি এই সেমিনারে কারাতের বিভিন্ন বিষয়ের উপর প্রশিক্ষণ প্রদান ও বেল্ট টেস্টের মাধ্যমে ২৭জন প্রক্ষিণার্থীর মধ্যে উর্ত্তীর্ণ ২৬জন কে সনদ ও বেল্ট প্রদান করা হয়।